



### ৪ বছর মেয়াদি বিএ (অনার্স) এবং বিএসএস (অনার্স) প্রোগ্রাম ভর্তি বিজ্ঞপ্তি শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬

#### ভর্তির প্রয়োজনীয় তথ্যাবলি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল-এর অধীন ৪ বছর মেয়াদি বিএ (অনার্স): বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ এবং বিএসএস (অনার্স): রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়সমূহের ভর্তি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ঢাকা আঞ্চলিক কেন্দ্রে প্রতিটি কোর্সের জন্য ১২টি টিউটোরিয়াল ক্লাস শুক্রবার সরাসরি এবং ১২টি টিউটোরিয়াল ক্লাস শনিবার অনলাইনে অনুষ্ঠিত হবে। উল্লেখযোগ্য, শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণকারী যে কোনো শিক্ষার্থী আবেদন করতে পারবেন।

- প্রাকৃতিক দুর্যোগ ও মহামারির সময় সকল টিউটোরিয়াল ক্লাস অনলাইনে গ্রহণ করা হবে।
- ◆ চার বছরে মোট ৪০টি কোর্স বা ১২০ ক্রেডিট সম্পন্ন করতে হবে (প্রতি কোর্স= ৩ ক্রেডিট), রেজিস্ট্রেশনের মেয়াদ ৮ (আট) বছর পর্যন্ত বহাল থাকবে।
- ◆ প্রতি শিক্ষাবর্ষ ছয় মাস মেয়াদি ২টি সেমিস্টারে বিভক্ত। প্রতি সেমিস্টারে সাধারণত ৫টি কোর্সে রেজিস্ট্রেশন হয়। শিক্ষার্থী প্রয়োজনে প্রতি সেমিস্টারে ন্যূনতম ২টি কোর্সে রেজিস্ট্রেশন করতে পারবে। প্রতি সেমিস্টার শেষে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

#### ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতা

- ক) মানবিক শাখা : বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন ও ইসলামিক স্টাডিজ বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৫০ (৫ এর মানে)/জিপিএ ২.০০ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।
- খ) সামাজিক বিজ্ঞান শাখা : রাষ্ট্রবিজ্ঞান ও সমাজতত্ত্ব বিষয়ে ভর্তির জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম ৫০% নম্বরসহ দ্বিতীয় বিভাগ বা জিপিএ ২.৭৫ (৫.০০ এর মানে)/জিপিএ ২.২ (৪ এর মানে) থাকতে হবে। সকল শাখার শিক্ষার্থী আবেদন করতে পারবে।
- স্টাডি সেন্টার: ঢাকা আঞ্চলিক কেন্দ্র, বাউবি।

#### প্রয়োজনীয় কাগজপত্র

- ২ কপি ছবি।
- এসএসসি/এইচএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদপত্র ও মার্কশীটের সত্যায়িত কপি।
- জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।

#### ভর্তি সংক্রান্ত তথ্য (পুনর্নির্ধারিত)

- শুধুমাত্র Online- এ আবেদন করা যাবে।
- আবেদনের সময় : ২১ জানুয়ারি, ২০২৬ থেকে ৩১ মার্চ, ২০২৬ পর্যন্ত।
- আবেদন ফি : ৬০০/- (ছয়শত) টাকা।
- লিখিত পরীক্ষার জন্য মনোনীতদের তালিকা প্রকাশ : ০৬ এপ্রিল, ২০২৬।
- লিখিত পরীক্ষার আসন বিন্যাস : ০৭ এপ্রিল, ২০২৬ এর পর বাউবির ওয়েবসাইট ও ঢাকা আঞ্চলিক কেন্দ্র থেকে জানা যাবে।
- লিখিত পরীক্ষার তারিখ, সময় ও স্থান : ১০ এপ্রিল, ২০২৬ (শুক্রবার); সকাল ১০:০০ টা থেকে ১১:০০ টা পর্যন্ত।  
বাউবির মূল ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর।
- লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ : ২০ এপ্রিল, ২০২৬।
- সাক্ষাৎকারের তারিখ, সময় ও স্থান : ২৭-২৮ এপ্রিল, ২০২৬; সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত; ডিনের কার্যালয়,  
এসএসএইচএল, বাউবির মূল ক্যাম্পাস, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫।
- বিষয় ভিত্তিক শিক্ষার্থী তালিকা প্রকাশ : ৩০ এপ্রিল, ২০২৬।
- ভর্তি : ০৪ মে, ২০২৬ থেকে ১৯ মে, ২০২৬ পর্যন্ত।
- সর্বমোট ভর্তি ফি : ৭৩১০/- (সাত হাজার তিনশত দশ) টাকা। অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন।
- ক্লাস শুরু : পরবর্তীতে বাউবির ওয়েব সাইটে জানানো হবে।

#### ভর্তি পরীক্ষা পদ্ধতি

- ◆ বহুনির্বাচনী (MCQ) প্রশ্নের ভিত্তিতে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার প্রশ্নের মান বন্টন : বাংলা- ২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান: বাংলাদেশ বিষয়াবলি-২৫ ও সাধারণ জ্ঞান: আন্তর্জাতিক বিষয়াবলি-২৫।
- ◆ পাস নম্বর : ৪০। প্রতি অংশে ৪০% নম্বর পেতে হবে।
- ◆ প্রতি বিষয়ের আসন সংখ্যা ৬০ (ষাট)।

## ফি বিভাজন ও প্রাসঙ্গিক তথ্যসমূহ

ফি'র খাত	কোর্স সংখ্যা	ফি'র হার	প্রদেয় টাকার পরিমাণ
রেজিস্ট্রেশন ফি	-----	২০০/-	২০০/-
কোর্স ফি (প্রতি কোর্স)	৫টি	১০৫০/-	৫২৫০/-
পরীক্ষার ফি (প্রতি কোর্স)	৫টি	৩০০/-	১৫০০/-
সিমেন্টার নম্বরপত্র ফি	-----	১০০/-	১০০/-
ডিজিটাল/প্লাস্টিক আইডি কার্ড ফি	-----	২০০/-	২০০/-
একাডেমিক ক্যালেন্ডার ফি	-----	৫০/-	৫০/-
রোভার স্কাউট ফি	-----	১০/-	১০/-
মোট টাকা=			৭৩১০/-

### আবেদন প্রক্রিয়া


- যে কোন ব্রাউজারের Address bar-এ <https://osapsnew.bou.ac.bd> টাইপ করে ব্রাউজ করুন। Offered Programs সেকশন এর অধীনে School of Social Sciences, Humanities & Language (SSHL) -এ ক্লিক করে Bachelor of Arts (Honours) and Bachelor of Social Science (Honours) প্রোগ্রামের পাশে প্রদর্শিত Apply Now বাটনে ক্লিক করুন।
- BA (Honours and BSS (Honours)) প্রোগ্রামে ভর্তি নির্দেশনাবলী গুরুত্ব সহকারে পড়ে পুনরায় Apply Now বাটনে ক্লিক করুন।
- অনলাইন-এ আবেদন ফরমটি General Information ধাপ যথাযথভাবে পূরণ করে Next বাটনে ক্লিক করুন। Personal Information ধাপ যথাযথভাবে পূরণ করে সদ্য তোলা ফটো (৩০০×৩০০ JPG Format) এবং আপনার স্ক্যান করা স্বাক্ষর (৩০০×১০০ JPG Format) আপলোড করে Next বাটনে ক্লিক করুন।
- Academic Information ধাপে আপনার শিক্ষাগত যোগ্যতার তথ্য যথাযথভাবে পূরণ করুন এবং অভিজ্ঞতার তথ্য (যদি থাকে) Professional Information ধাপে সঠিকভাবে পূরণ করে Finish বাটনে ক্লিক করুন। যথাযথভাবে ফরম পূরণ শেষে আপনার মোবাইলে SMS এবং ই-মেইলে Temporary User ID ও Password প্রেরণ করা হবে।
- Proceed to Payment বাটনে ক্লিক করার পর প্রদর্শিত Online Payment Gateway সমূহ থেকে যেকোনোটির মাধ্যমে ফি জমা দেয়া যাবে। সফলভাবে ফি জমাদান শেষে “Payment has been completed successfully!” মেসেজ প্রদর্শিত হবে এবং SMS ও ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে।
- BA (Honours) and BSS (Honours) প্রোগ্রামে ভর্তির আবেদন ফি ৬০০/- (ছয়শত) টাকা। তবে এক্ষেত্রে প্রযোজ্য অনলাইন চার্জ আবেদনকারী বহন করবেন।
- কোনো সমস্যা হলে প্রয়োজনে ০৩(তিন) কার্য দিবসের মধ্যে আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবিতে যোগাযোগ করতে হবে। Temporary User ID ও Password ব্যবহার করে প্রদর্শিত আবেদন পত্রটি প্রিন্ট করে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র ও নম্বরপত্রসমূহ ২১ জানুয়ারি, ২০২৬ থেকে ০২ এপ্রিল, ২০২৬ তারিখের মধ্যে ঢাকা আঞ্চলিক কেন্দ্রে (৪/ক, গডঃ ল্যাবরেটরি রোড, ধানমন্ডি ঢাকা-১২০৫) ১০৩ নম্বর কক্ষ/তথ্য কেন্দ্রে জমা দিতে হবে। আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর কেবল নির্বাচিতরাই লিখিত পরীক্ষার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন এবং তাদের তালিকা বাউবির ওয়েব সাইটে দেয়া হবে। এছাড়া তাদেরকে মোবাইলে SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে।

ভর্তি বিজ্ঞপ্তিতে উল্লিখিত যে কোনো তথ্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংশোধন, সংযোজন, পরিমার্জন এবং পরিবর্তন করতে পারবেন। বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্ত এবং সংশ্লিষ্ট বিধি-বিধান সকল আবেদনকারী এবং শিক্ষার্থীর জন্য প্রযোজ্য হবে।

**Helpline: Available Time: 8:30 am to 4:30 pm;  
01618977237, 01907451612 (Monday to Friday)**

কিউআর কোড স্ক্যান করে সকল তথ্য জানা যাবে



  
অধ্যাপক তানভীর আহসান  
সভাপতি, সংশ্লিষ্ট ভর্তি কমিটি  
ও

ডিন, সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল  
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫